

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৫৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - আযানের ফয়েলত ও মুয়ায়িনের উত্তর দান

بَابُ فَضْلِ الْأَذَانِ وَاجْأَابَةِ الْمُؤْذِنِ

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ أَنَّهُ سَمِعَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: إِذَا سَمِعْتُمُ الْمُؤْذِنَ قَوْلُوا مِثْلَ مَا يَقُولُ ثُمَّ صَلُّوا عَلَيَّ فَإِنَّهُ مَنْ صَلَّى عَلَيَّ صَلَاتَةً صَلَّى اللَّهُ عَلَيْهِ بِهَا عَشْرًا ثُمَّ سَلُّوا اللَّهُ لِي الْوَسِيلَةَ فَإِنَّهَا مَنْزَلَةٌ فِي الْجَنَّةِ لَا تَنْبَغِي إِلَّا لِعَبْدٍ مِنْ عِبَادِ اللَّهِ وَأَرْجُو أَنْ أَكُونَ أَنَا هُوَ فَمَنْ سَأَلَ لِي الْوَسِيلَةَ حَلَّتْ عَلَيْهِ الشَّفَاعَةُ. رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৬৫৭-[৪] 'আবদুল্লাহ ইবনু 'আমর ইবনুল 'আস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা মুয়ায়িনের আযান শুনলে উত্তরে সে শব্দগুলোরই পুনরাবৃত্তি করবে। আযান শেষে আমার ওপর দরুদ পাঠ করবে। কারণ যে ব্যক্তি আমার ওপর একবার দরুদ পাঠ করবে (এর পরিবর্তে) আল্লাহ তার ওপর দশবার রহমত বর্ষণ করবেন। এরপর আমার জন্য আল্লাহর কাছে 'ওয়াসীলা' প্রার্থনা করবে। 'ওয়াসীলা' হলো জান্নাতের সর্বোচ্চ সম্মানিত স্থান, যা আল্লাহর বান্দাদের মধ্যে শুধু একজন পাবেন। আর আমার আশা এ বান্দা আমিহ হব। তাই যে ব্যক্তি আমার জন্য 'ওয়াসীলা'র দু'আ করবে, কিয়ামতের (কিয়ামতের) দিন তার জন্য সুপারিশ করা আমার জন্য ওয়াজিব হয়ে পড়বে। (মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : মুসলিম ৩৮৪, আবু দাউদ ৫২৩, নাসায়ী ৬৭৮, তিরমিয়ী ৩৬১৪, সহীহ ইবনু হিবান ১৬৯০, ইরওয়া ২৪২, সহীহ আল জামি' ৬১৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যখন তোমরা মুয়ায়িনকে শুনতে পাবে- এর অর্থ হলো যখন তোমরা আযান শুনতে পাবে। তাই কেউ যদি

দূরত্ব অথবা অন্ধত্বের কারণে মুয়ায়িনের শব্দ শুনতে না পায় তাহলে তার জন্য আযানের উত্তর দেয়ার বিধান প্রযোজ্য নয়।

মুয়ায়িনের আযানের জবাবে শ্রেতারা তাই বলবে যা মুয়ায়িন বলে। তবে দুই হাইয়া ‘আলা-এর ক্ষেত্রে (لَا حَوْلَ) **لَا قُوَّةَ** ‘লা- হাওলা ওয়ালা- ক্যুওয়াতা ইল্লা- বিল্লা-হ’ বলবে। আর এটা ‘উমার (রাঃ)-এর বর্ণিত হাদীসে রয়েছে। আর ফাজরের (ফজরের) আযানের সময় মুয়ায়িন যখন **أَصَلَّةُ خَيْرٍ مِّنَ النُّورِ** বলেন তখন এর উত্তরে **صَدَّقَتْ وَبَرَّتْ** বলার কোন দলীল পাওয়া যায় না।

আযানের জবাব দেয়ার পর দু’আ পড়ার পূর্বে দরুদ পাঠ করা মুস্তাহাব। ওয়াসীলা হলো জামাতের একটি বিশেষ স্থান যা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য নির্ধারিত। আযানের শেষে এই ওয়াসীলা যোগ করে দু’আ করলে নাবীর শাফা‘আত পাবার আশা করা যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=55214>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন